

# শিক্ষা বহুমাত্রিক করেছে সরকার

বাসস

২৫ জুন, ২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে পুরস্কারপ্রাপ্ত এক শিক্ষার্থীকে জড়িয়ে ধরে আদর করেন। ছবি : পিএমও

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ‘পরিবর্তনশীল বিশ্বে বৈশ্বিক মান বজায় রাখতে সরকার বিজ্ঞান ও প্রযুক্তিকে অগ্রাধিকার দিয়ে দেশের শিক্ষাব্যবস্থাকে বহুমাত্রিক ও সৃজনশীল করেছে। আমরা বহুমুখী শিক্ষাব্যবস্থার প্রচলন করেছি, যাতে দেশে ও বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা হয়।’

প্রধানমন্ত্রী গতকাল সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের (পিএমইএটি) মাধ্যমিক থেকে স্নাতক (পাস) এবং এর সমমানের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের উদ্বোধনকালে এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার ২০০৯ সাল থেকে এ পর্যন্ত সারা দেশে ২৩টি পাবলিক বিশ্ববিদ্যালয় ও ৫৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে।

## উপবৃত্তি বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী



বিজ্ঞান, গবেষণা ও প্রযুক্তির জ্ঞান ছাড়া  
কোনো দেশই পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে  
তাল মিলিয়ে চলতে পারে না। তাই  
আমরা বিশ্বের সঙ্গে প্রতিযোগিতা করার  
লক্ষ্যে ব্যবস্থা নিয়েছি

শেখ হাসিনা  
প্রধানমন্ত্রী

শেখ হাসিনা আরো বলেন, বৈশ্বিক চাহিদা অনুধাবন করে তাঁর  
সরকার কৃষি, পশু চিকিৎসা, প্রাণিবিজ্ঞান, বিজ্ঞান ও  
প্রযুক্তি, চিকিৎসা, ডিজিটাল ইসলামিক, আরবি, টেক্সটাইল,  
সমুদ্রিক, বিমান চলাচল, মহাকাশ এবং ফ্যাশন ও

প্রযুক্তি বিষয় অন্তর্ভুক্ত করে বহুমাত্রিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে।

প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার বিজ্ঞান, প্রযুক্তি ও গবেষণাভিত্তিক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। তিনি বলেন, ‘বিজ্ঞান, গবেষণা ও প্রযুক্তির জ্ঞান ছাড়া কোনো দেশই পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে পারে না। তাই আমরা বিশ্বের সঙ্গে প্রতিযোগিতা করার লক্ষ্যে ব্যবস্থা নিয়েছি।

১৯৭৫ সালের পর তাঁর সরকারের প্রথম বাজেটে গবেষণার জন্য অর্থ বরাদ্দ করার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার গবেষণা বৃদ্ধি এবং বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার প্রসারের জন্য বাজেটে ১০০ কোটি টাকা বরাদ্দ দিয়েছে।

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক ও সমমানের ৬৪ লাখ ৭০ হাজারের বেশি শিক্ষার্থীর মধ্যে মোট দুই হাজার ২০৮ কোটি টাকা বিতরণ করা হবে।

অর্থ বিতরণের উদ্বোধনের পর প্রধানমন্ত্রী বলেন, উপবৃত্তি ও টিউশন ফির টাকা ডিজিটাল পদ্ধতির মাধ্যমে সরাসরি সুবিধাভোগীদের কাছে যাবে।

শেখ হাসিনা ১৫ জন শিক্ষার্থীকে বঙ্গবন্ধু সৃজনশীল প্রতিভা অনুসন্ধান পুরস্কার-২০২৪ (ক্রিয়েটিভ ট্যালেন্ট সার্চ অ্যাওয়ার্ড-২০২৪) এবং ২১ শিক্ষার্থীকে বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার পুরস্কার-২০২৩ প্রদান করেন।

বঙ্গবন্ধু ক্রিয়েটিভ ট্যালেন্ট সার্চ পুরস্কারপ্রাপ্ত ১৫ জন শিক্ষার্থীকে সনদপত্র ও দুই লাখ টাকা এবং বঙ্গবন্ধু শেখ মুজিব কলার পুরস্কারপ্রাপ্ত ২১ জন শিক্ষার্থীকে সনদ ও তিন লাখ টাকা দেওয়া হয়েছে।

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ড. কামাল আবদুল নাসের চৌধুরী, শিক্ষা প্রতিমন্ত্রী বেগম শামসুন নাহার ও শিক্ষাসচিব সুলেমান খান অনুষ্ঠানে বক্তৃতা করেন।